গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
মহেশখালী, কক্সবাজার।

## উপজেলা পরিষদের অক্টোবর, ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশখালী। |
| সভার তারিখ | ঃ ১৯.১০.২০২৩ খ্রিঃ। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত। |

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভার কর্মসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী (স্থানীয় সরকার প্রকৌশল), মহেশখালী বলেন, ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় ইউপি চেয়ারম্যানগণের নিকট হতে প্রাপ্ত প্রকল্পের চূড়ান্ত তালিকা অনুযায়ী আগামী কয়েক দিনের মধ্যে টেন্ডার নোটিশ প্রত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | টেন্ডার কার্যক্রম সম্পন্ন করতঃ পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা প্রকৌশলী, মহেশখালী। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (ত্রাণ শাখা), মহেশখালী সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের বক্তব্য জানা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালী তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালী। |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালী বলেন, এ বছরে ইলিশের প্রধান মৌসুম ৭-২৮ অক্টোবর পর্যন্ত মোট ২২ দিন ইলিশসহ সকল প্রকার মাছ ধরা বন্ধের কার্যক্রম চলমান রয়েছে। যাতে কেউ মাছ ধরতে যাইতে না পারে সেজন্য নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান চলমান রয়েছে। ২২ দিন ইলিশসহ সকল প্রকার মাছ ধরা বন্ধের কার্যক্রম উপলক্ষে জেলেদের বিশেষ ভিজিএফ কর্মসূচীর আওতায় মোট ১৬,৬৪৪ চন জেলের মধ্যে ৭০১৫ জন জেলের জন্য পরিবার প্রতি ২৫ কেজি হারে মোট ১৭৫.৩৭ মে: টন চাল বরাদ্দ পাওয়া গেছে এবং দ্রুত বিতরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/মেয়র,মহেশখালী পৌরসভাকে অনুরোধ জানান।<br>তিনি আরো বলেন, ৫ম ধাপের জেলেদের খসড়া তালিকা যাচাইয়ের জন্য পৌরসভা/ইউনিয়ন পরিষদে নোটিশ বোর্ডে টাঙ্গানো হয়েছে এবং আগামী ২০/১০/২০২২ খ্রি: তারিখের মধ্যে কোন ভূয়া জেলে থাকলে তা লিখিতভাবে জানানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | জেলেদের বিশেষ ভিজিএফ চাল দ্রুত বিতরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/মেয়র,মহেশখালী পৌরসভাকে অনুরোধ জানান। | ০১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালী।<br>০২। মেয়র,মহেশখালী পৌরসভা।<br>০৩। চেয়ারম্যান (সংশ্লিষ্ট), ইউপি। |
| উপজেলা শিক্ষা কর্মকর্তা, মহেশখালী জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা শিক্ষা অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালী জানান যে, খরিপ-২ মৌসুমে ৮১১০ হেঃ জমিতে রোপা আমনের আবাদ করা হয়েছে। আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালী। |

| | | |
|---|---|---|
| উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় ৫ টি আমন ধানের বীজ উৎপাদন প্রদর্শনী বাস্তবায়নাধীন। রাজস্ব খাতের আওতায় খরিপ-২ মৌসুমে ২০ টি রোপা আমন ধানের প্রদর্শনী বাস্তবায়ধীন। রোপা আমনের শস্য কর্তন আরম্ভ হয়েছে। খরিপ-২/২০২১-২২ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচীর আওতায় ৬০০ জন কৃষককে উফশী আমন ধানের বীজ ও সার বিতরণ করা হয়েছে যা বাস্তবায়নাধীন মর্মে সভাকে অবহিত করেন। | | |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশখালী জানান, প্রতিটি ইউনিয়নে প্রতিমাসে ১৪৪৮ জন উপকারভোগী মাসে ভিজিডি চাল/খাদ্য শস্য বিতরণ অব্যাহত রয়েছে এবং তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালী জানান, এইচজিএসপি প্রকল্পের আওতায় হোপ ফাইন্ডেশন কর্তৃক প্রতি সেবা কেন্দ্রে ০২ জন করে মিডওয়াইফ, ০২ জন মিডওয়াইফ সহকারী, ০২ জন সিকিউরিটি গার্ড ও ০২ জন করে ক্লিনার নিয়োগ প্রদান করা হয়েছে। এইচজিএসপি প্রকল্পের আওতায় ইউএনআইসিইএফ কর্তৃক প্রতি সেবা কেন্দ্রে ০১ জন করে নিউট্রিশন কাউন্সিলর নিয়োগ প্রদান করা হয়েছে এবং এইচজিএসপি প্রকল্পের আওতায় পিএইচডি কর্তৃক ১৫ জন সিএইচডব্লিউ নিয়োগ প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা সমবায় কর্মকর্তা, মহেশখালী জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা, মহেশখালী |
| উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মহেশখালী জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ২০২০-২০২১ অর্থ বছরের নলকূপের কাজ প্রায় শেষ পর্যায়ে। অতি শীঘ্রই উক্ত প্রকল্পের ২০২১-২০২২ অর্থ বছরের নলকূপের কাজ শুরু হবে। এছাড়াও 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট ০৯ টির কাজ চলমান রয়েছে। জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবেলায় মাল্টি সেক্টর প্রকল্প (ইএমসিআরপি) এর ৭০০ টি ল্যাট্রিনের কাজ শুরু হয়েছে। কমিউনিটি ভিত্তিক (ইএমসিআরপি) প্রকল্পের ১৫০ টি পানি সরবরাহ ইউনিটের কাজ শুরু হবে। মুজিব শতবর্ষের বাড়ির জন্য নলকূপের কাজ চলমান এবং মুজিববর্ষের নতুন বাড়ির জন্য নতুনভাবে নলকূপের বরাদ্দের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মহেশখালীকে অনুরোধ করা হল। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মহেশখালী। |
| উপজেলা স্বাস্থ্য ও পবিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালী জানান, এ উপজেলায় ১৭ টি কমিউনিটি ক্লিনিক পুনঃ নির্মাণ চলমান রয়েছে।<br>তিনি আরো বলেন, ডেঙ্গু রোগীর সংখ্যা দিন দিন বাড়ছে। মূলত এডিস মশা ডেঙ্গু ভাইরাসের জীবাণু ছড়ায়। এডিস মশা পাত্র, ডাবের খোসা ও বালতি ইত্যাদিতে জমা রাখা পরিষ্কার পানিতে জন্মায়। সাধারণত বর্ষাকালে এর ঘনত্ব বেশি হয়, ফলে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাবও এ সময়ে বেড়ে যায়। তাই সবাইকে সকর্ত থাকার জন্য সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। | ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের জন্য মেয়র, মহেশখালী পৌরসভা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হল। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পবিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালী।<br>০২। মেয়র, মহেশখালী পৌরসভা<br>০৩। চেয়ারম্যান (সকল), ইউপি। |

| | | |
|---|---|---|
| রেঞ্জ কর্মকর্তা, মহেশখালী রেঞ্জ বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য রেঞ্জ কর্মকর্তা, মহেশখালী রেঞ্জ-কে অনুরোধ করা হল। | রেঞ্জ কর্মকর্তা, মহেশখালী রেঞ্জ। |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালী তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মহেশখালী'র প্রতিনিধি জানান, ২০২২ সালের এসএসসি/দাখিল পরীক্ষা যথাযথভাবে সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মহেশখালী সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের বক্তব্য জানা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মহেশখালী সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের বক্তব্য জানা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মহেশখালী-কে অনুরোধ করা হল। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মহেশখালী। |
| উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জানান, এ উপজেলাতে ০৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে ০৬ টি ভবন নির্মাণাধীন রয়েছে। তৎমধ্যে ০৩ টি ভবন নির্মাণ শেষ হয়েছে। বাকী ০৩ টির ফান্ড সমস্যার কারণে নির্মাণ কাজ স্থগিত রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | ভবন নির্মাণের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজারকে অনুরোধ করা হল। | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার। |
| ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, মহেশখালী জানান অবকাঠামো উন্নয়ন ব্যয়ের সংশ্লিষ্ট প্রকল্পের অর্থ সংশ্লিষ্ট তহবিলে জমা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | পরবর্তী কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ইউডিএফ-কে মহেশখালীকে অনুরোধ করা হল। | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, মহেশখালী। |
| ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মহেশখালী বলেন, এ উপজেলার বেশিরভাগ রাস্তার প্রস্থ খুবই কম। তাই দূর্ঘটনা সময় ফায়ার সার্ভিসের অগ্নি নির্বাপক গাড়ী নিয়ে যাওয়া সম্ভব হয় না। তাই ফায়ার সার্ভিসের জন্য বড় গাড়ীর পাশাপাশি ছোট অগ্নি নির্বাপক গাড়ীর প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | ফায়ার সার্ভিসের জন্য ছোট অগ্নি নির্বাপক গাড়ী সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কক্সবাজার এর বরাবরে পত্র প্রেরণের জন্য ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স, মহেশখালীকে অনুরোধ করা হল। | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মহেশখালী। |
| চেয়ারম্যান, কুতুবজোম ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের সোনাদিয়া গ্রামের জনসংখ্যা প্রায় ১৫০০ এর অধিক। এখানকার লোকজন খুবই অবহেলিত, নাই কোন রাস্তা-ঘাট। এ গ্রামে রাস্তা-ঘাট নির্মাণ করে লোকজনের বসবাসের উপযোগী করার বিষয়ে সভাকে অবহিত করেন। | সোনাদিয়া গ্রামে রাস্তা-ঘাট নির্মাণে বিধি মেতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালী অনুরোধ করা হল। | ০১। উপজেলা প্রকৌশলী, মহেশখালী।<br>০২। চেয়ারম্যান, কুতুবজোম ইউপি। |
| চেয়ারম্যান, কালারমারছড়া ইউনিয়ন পরিষদ, কালারমারছড়ায় ইউনিয়নে একটি খাদ্য গুদাম রয়েছে, এটিকে সংস্কার/মেরামত করে ব্যবহারের উপযোগী করে যাতে মাতারবাড়ী, কালারমারছড়া, হোয়ানক ও তাঁর ইউনিয়নের সরকারী/বেসরকারী যাবতীয় ত্রাণ সামগ্রী কালারমারছড়া খাদ্য গুদাম থেকে সংগ্রহ করে নিতে পারেন সে বিষয়ে সভাকে অবহিত করেন। | কালারমারছড়া খাদ্য গুদামটিকে সংস্কার/মেরামত করে ব্যবহারের উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহেশখালী বরাবর পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহেশখালী। |
| চেয়ারম্যান, মাতারবাড়ী ইউনিয়ন পরিষদ জানান মাতারবাড়ী স্বাস্থ্য কমপ্লেক্সে একজন এমবিবিএস ডাক্তার নিয়োগ প্রদান। ধলঘাটা-মাতারবাড়ী সড়কটি দ্রুত সংস্কার/মেরামতের বিষয়ে সভাকে অবহিত করেন। | মাতারবাড়ী স্বাস্থ্য কেন্দ্রে একজন ডাক্তার দেয়ার বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও ধলঘাটা-মাতারবাড়ী সড়কের বিষয়ে উপজেলা প্রকৌশলী, মহেশখালীকে অনুরোধ করা হল। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মহেশখালী।<br>০২। উপজেলা প্রকৌশলী, মহেশখালী। |
| চেয়ারম্যান, শাপলাপুর ইউনিয়ন পরিষদ অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের বক্তব্য জানা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য চেয়ারম্যান, শাপলাপুর ইউপি-কে অনুরোধ করা হল। | চেয়ারম্যান, শাপলাপুর ইউপি। |
| চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউনিয়ন পরিষদ অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের বক্তব্য জানা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউপি-কে অনুরোধ করা হল। | চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউপি। |

| | | |
|---|---|---|
| প্যানেল চেয়ারম্যান, বড় মহেশখালী ইউনিয়ন পরিষদ তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, বড় মহেশখালী ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বড় মহেশখালী ইউপি। |
| প্যানেল চেয়ারম্যান, হোয়ানক ইউনিয়ন পরিষদ তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, হোয়ানক ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, হোয়ানক ইউপি। |
| চেয়ারম্যান, ধলঘাটা ইউনিয়ন পরিষদ তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য চেয়ারম্যান, ধলঘাটা ইউপি-কে অনুরোধ করা হল। | চেয়ারম্যান, ধলঘাটা ইউপি |
| জনাব মো: ইয়াছিন, উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী জানান, এ উপজেলাধীন যেসব এতিমখানা রয়েছে, সেসব এতিমখানা নিয়মিত তদারকি করার বিষয়ে সভাকে অবহিত করেন। | এ উপজেলাধীন এতিমখানাসমূহ নিয়মিত তদারকি করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালী। |
| জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী এ উপজেলাধীন বড় মহেশখালী নতুন বাজারের মাঠে যেসকল তোহা বাজার রয়েছে। সেসব তোহা বাজার অন্যত্র অপসারণ করে মাঠটি পরিষ্কার-পরিছন্ন রাখার বিষয়ে সভাকে অবহিত করেন। | বড় মহেশখালী নতুন বাজারের মাঠের তোহা বাজার অন্যত্র অপসারণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ শরীফ বাদশা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
মহেশখালী, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৪৯.০০০.০৭.০১.২০১৮-২১১ তারিখঃ ১৯.১০.২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য-

০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০২ (মহেশখালী-কুতুবদিয়া)।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/পাউবো, কক্সবাজার।
০৬। উপজেলা ................................................... কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার।
০৭। জনাব ..................................................................................................
০৮। অফিস নথি।

(মো: ইয়াছিন)
উপজেলা নির্বাহী অফিসার
মহেশখালী, কক্সবাজার।